

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৫.২২-৩৫৮


তারিখ: ২৭ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

বিষয়: ঝালকাঠি জেলার নলছিটি সাব-রেজিস্ট্রি অফিসের প্রাক্তন সাব-রেজিস্ট্রার জনাব নুরুল আফসার (বর্তমানে সাব-রেজিস্ট্রার, আমতলী, বরগুনা)-কে মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-এর কার্যালয়ে সংযুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র: মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর এর স্মারক নং-১০.০৫.০০০০.০০৩.২৭.০০১.২২-৩০৬, তারিখ: ২৬-১০-২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার নলছিটি সাব-রেজিস্ট্রি অফিসের প্রাক্তন সাব-রেজিস্ট্রার (বর্তমানে সাব-রেজিস্ট্রার, আমতলী, বরগুনা) জনাব নুরুল আফসার-এর বিরুদ্ধে ঝালকাঠি জেলাধীন নলছিটি সাব-রেজিস্ট্রি অফিসে ৩০/১১/২০২০ খ্রি. তারিখে রেজিস্ট্রিকৃত ৩০৭৯/২০২০ নং সাফ-কবলা দলিল রেজিস্ট্রিকালে উক্ত দলিলের দাতা তীব্র মাত্রার 'মানসিক প্রতিবন্ধী' হওয়া সত্ত্বেও দলিলটি রেজিস্ট্রির মাধ্যমে অনিয়ম সংগঠিত হয়েছে মর্মে জেলা রেজিস্ট্রার, বরিশাল এর তদন্তে প্রতীয়মান হয় এবং দলিলের দাতা তীব্র মাত্রার 'মানসিক প্রতিবন্ধী' হওয়া সত্ত্বেও দলিলটি রেজিস্ট্রি করার অনিয়মের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৩/২০২৩ রুজু করা হলো।

এমতাবস্থায়, বর্ণিত বিভাগীয় মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে আপনাকে মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।


(মো: শফিউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫২১৭২


জনাব নুরুল আফসার
সাব-রেজিস্ট্রার, আমতলী, বরগুনা।
সংযুক্ত কর্মকর্তা: মহাপরিদর্শক, নিবন্ধন-এর কার্যালয়, ঢাকা।

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৫.২২-৩৫৮

তারিখ: ১১-০৯-২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয় এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। জেলা রেজিস্ট্রার, বরগুনা।
- ০৬। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আমতলী, বরগুনা।
- ০৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।


(মো: শফিউল আলম)
সিনিয়র সহকারী সচিব